গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর, সমবায় ভবন
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নং-৫২০-এ/ও তারিখ-২৬.০৩.২০২৫ খ্রি.

# পুন:নিয়োগ বিজ্ঞপ্তি

সমবায় অধিদপ্তরের আওতাধীন পরিচালন (রাজস্ব) বাজেটভুক্ত নিম্নবর্ণিত শূণ্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে পদের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে (http://coop.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

| ক্র:নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | পরিদর্শক<br>১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ৩৪ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | মহিলা পরিদর্শক<br>১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | |
| ৩. | প্রশিক্ষক<br>১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ১৬ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | |
| ৪. | ফিল্ড ইনভেস্টিগেটর<br>১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | ১৯ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বা অর্থনীতিসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | |
| ৫. | কম্পিউটর<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিত অথবা পরিসংখ্যানসহ স্নাতক ডিগ্রী। | খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬. | সহকারী পরিদর্শক<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১০৫ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৭. | মহিলা সহকারী পরিদর্শক<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৮. | সহকারী প্রশিক্ষক<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ১১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৯. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ২ | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দ হতে হবে;<br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। | |
| ১০. | ড্রাইভার/ফিল্ম ভ্যান ড্রাইভার<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৬ | অষ্টম শ্রেণী পাসসহ হালকা বা ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স। | |
| ১১. | তাঁত সুপারভাইজার<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৫ | সরকারী বয়ন স্কুল বা স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হতে কারিগরি কোর্স পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১২. | ক্যাশিয়ার<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ৪ | কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ১৩. | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১০৮ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দ হতে হবে। | |
| ১৪. | ডাটা এন্ট্রি অপারেটর<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ১ | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি সহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | |
| ১৫. | সহকারী ফিল্ম অপারেটর<br>৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | ২ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে প্রজেক্টর বা জেনারেটর চালানোর কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ১৬. | নৈশ প্রহরী<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ৪ | অষ্টম শ্রেণী পাস। তবে শারিরীক যোগ্যতা সম্পন্ন হতে হবে। | |
| ১৭. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮৯ | কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | |

**বিশেষ দ্রষ্টব্য: সমবায় অধিদপ্তরের স্মারক নং ২০০-এ/ও, তারিখ-১৫/০৩/২০২২খ্রি.-এ জারিকৃত বিজ্ঞপ্তি মোতাবেক যারা ইত:পূর্বে আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

**শর্তাবলী:**

১। **Online এ আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নরূপ:**

ক. নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদন সংক্রান্ত নিয়মাবলী www.coop.gov.bd এবং http://coop.teletalk.com.bd এ পাওয়া যাবে।

খ. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

গ. সকল পদে ২০ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে সকল প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুসরণ করা হবে।

ঘ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে পূরণকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে:

i) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদেয় চারিত্রিক সনদ ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত রঙিন ছবি;

ii) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

iii) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, পেশাদার ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতা সনদের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত কপি জমা দিতে হবে;

iv) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার অথবা এসকল পদে দায়িত্বপ্রাপ্ত উপযুক্ত কর্মকর্তা/প্রতিনিধি এর নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্বের সার্টিফিকেট;

v) প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমাণক এর আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে।

চ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

আগ্রহী প্রার্থীগণ http://coop.teletalk.com.bd অথবা www.coop.gov.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২০/০৩/২০২৫খ্রি. সকাল ১০.০০ টা;
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৭/০৪/২০২৫খ্রি. তারিখ বিকাল ৫.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

**পরীক্ষার ফি:**

ক্রমিক নং ০১ হতে ০৪ পর্যন্ত পদের জন্য আবেদন ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ টাকা) ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১৮/- (আঠারো) টাকা সর্বমোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা; ক্রমিক নং ০৫ হতে ১৪ পর্যন্ত পদের জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা এবং ক্রমিক নং ১৫ হতে ১৭ পর্যন্ত পদের জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা প্রদান করতে হবে। তবে, উল্লিখিত সকল শূন্য পদে অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা প্রদান করবেন। আবেদন ফি আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।'

৩। **পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে আবেদনকারীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারের ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে আবেদনকারীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: COOP**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: COOP ABCDEF send to 16222

Reply: Applicant's Name, Tk-168 or 112 or 56/- will be charged as application fee. Your PIN is (8 degit numbers). To pay fee, type COOP<space>YES<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: COOP**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: COOP YES 12345678 send to 16222.

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee, User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

৪। **User ID এবং Password পুনরুদ্ধার পদ্ধতি:**

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **COOP**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222.
   Example: COOP Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে: **COOP**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
   Example: COOP Help PIN 12345678 & send to 16222.

৫। **অনলাইনে আবেদন ফরম পূরণ ও ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):**

| | | |
|---|---|---|
| ক) | Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়:<br>(উল্লেখ্য, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে আবেদন ফি জমাদান সম্পন্ন করতে হবে।) | ২০/০৩/২০২৫খ্রি.<br>সকাল ১০:০০ ঘটিকা। |
| খ) | Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়:<br>(উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ ২০/০৪/২০২৫খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।) | ১৭/০৪/২০২৫খ্রি.<br>বিকাল ০৫:০০ ঘটিকা। |

৬। **প্রবেশপত্র প্রিন্ট ও সংরক্ষণ:**

উল্লিখিত পদে নিয়োগের লক্ষ্যে অনলাইন আবেদনে প্রার্থীর মোবাইল ফোন নম্বরে টেলিটক হতে SMS এর মাধ্যমে শুধু যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

৭। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটাপদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৯। লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও সমবায় অধিদপ্তর, ঢাকা এর ওয়েবসাইটে (www.coop.gov.bd) এবং http://coop.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http//:alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১১। অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 অথবা যে কোনো অপারেটর থেকে 01500121121 নম্বরে কল করা যাবে। এছাড়া, alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। (মেইল এর Subject এ Organization Name 'COOP', Post Name ******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১২। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে সমবায় অধিদপ্তরের কর্মচারী চাকুরি প্রবিধানমালা এবং প্রয়োজনবোধে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

সমবায় অধিদপ্তর, ঢাকার ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

সমবায় অধিদপ্তর, ঢাকা এর টেলিটক পোর্টালের QR Code

উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।